কালের কণ্ঠ

তারিখ 31 DEC 2015
পৃষ্ঠা ৩ কলাম ৬

# জাবির হল থেকে ককটেল উদ্ধার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলের শৌচাগার থেকে তিনটি ককটেল উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার সকাল ১১টার দিকে সাভার থানা পুলিশের সহায়তায় ককটেলগুলো উদ্ধার করা হয়। বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তাবিষয়ক কর্মকর্তা জেফরুল হাসান চৌধুরী সজল বিষয়টি নিশ্চিত করেছেন।

এদিকে গত মঙ্গলবার রাতে শহীদ রফিক-জব্বার হলে এক শিক্ষার্থীকে ছাত্রলীগকর্মীরা মারধর করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। ভুক্তভোগী আনোয়ার জাহিদ নৃবিজ্ঞান বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থী।

ককটেল উদ্ধারের বিষয়ে সংশ্লিষ্ট হলের শিক্ষার্থীরা জানান, গতকাল সকালে হলের 'এ' ব্লকের শৌচাগার মেরামতের সময় কর্মরত ব্যক্তিরা ককটেল তিনটি দেখতে পান। বিষয়টি তাৎক্ষণিকভাবে জানানো হয় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে। পরে সাভার মডেল থানার পুলিশ ককটেলগুলো উদ্ধার করে।

অন্যদিকে শহীদ রফিক-জব্বার হলে শিক্ষার্থীকে মারধরের ব্যাপারে প্রত্যক্ষদর্শীরা জানায়, মঙ্গলবার মধ্যরাতের দিকে নিজের কক্ষে ঘুমাচ্ছিলেন জাহিদ। কিন্তু দায়িত্ব না থাকলেও ওই সময় হল প্রশাসনের ভূমিকায় অবতীর্ণ হয়ে কোন কক্ষে সিট ফাঁকা আছে—সেই হিসাব করছিলেন ছাত্রলীগকর্মী ইমরান, মাহবুব ও হৃদয়। এরই অংশ হিসেবে তাঁরা জাহিদের কক্ষের দরজা ধাক্কাধাক্কি করেন।